APR. 02 2001
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# মাস্টার্স ও বিসিএস পরীক্ষার তারি
# একসঙ্গে পড়ায় পরীক্ষার্থীরা বিপা

রাজশাহী প্রতিনিধি

একই সময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মাস্টার্স এবং ২২তম বিসিএস-এর লিখিত পরীক্ষার তারিখ পড়ায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা বিপাকে পড়েছেন। তাদের কাছে দুটি পরীক্ষাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে কোনটিকেই তারা বাদ দিতে পারছেন না। জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯ সালের এমএ, এমএসএস, এমকম ও এমএসসি প্রথম পর্ব পরীক্ষা শনিবার থেকে শুরু হয়েছে। ঘোষিত সময়সূচি অনুযায়ী ৩ মে এই পরীক্ষা শেষ হবে। অপরদিকে ২২তম বিসিএস-এর লিখিত পরীক্ষা আগামী ২৮ এপ্রিল শুরু ও ২৯ মে শেষ হওয়ার কথা। ২৮ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত আবশ্যিক এবং ৫ থেকে ২৯ মে পর্যন্ত ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীরা জানিয়েছেন, তাদের ভিন্ন ভিন্ন স্থানে একই দিনে এমনকি প্রায় একই সময়ে উভয় পরীক্ষার সূচি নির্ধারিত হয়েছে। জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয় ১২ মার্চ এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় ২১ মার্চ সংশ্লিষ্ট পরীক্ষার সময়সূচি ঘোষণা করেছে। পরীক্ষার্থীরা ২২তম বিসিএস-এর লিখিত পরীক্ষা অন্তত দুই মাস পিছিয়ে দেয়ার দাবি করেছেন। তাদের মতে, প্রিলিমিনারির ফল প্রকাশের পর কমপক্ষে দুই মাস পর লিখিত পরীক্ষা হয়। কিন্তু এবার তা হচ্ছে না। ৫ মার্চ ফল হয়েছে। এদিকে, আগামী ১০ মে দেশজুড়ে ২০০১ সালের এইচ পরীক্ষা শুরু হবে। ৯ জুন লিখিত শেষ হওয়ার কথা। রাজশাহীতে প্রশ কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় অন্য পরীক্ষা হলে উভয় পরীক্ষার আইনশৃঙ্খলা রক্ষায় সমস্যা হবে।